লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

**২য় রিলিজ স্লিপের মেধা তালিকা**

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ১৫/০৩/২০২২ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে লালমাটিয়া মহিলা কলেজে আবেদনকৃত শিক্ষার্থীদের ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার ফলাফল SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নাম্বরে send করতে হবে) এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে দেওয়া আছে। উল্লেখ্য যে, ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট অথবা স্নাতক (সম্মান) শ্রেণিতে (যে কোন শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২২ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তি বাতিল করতে হবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি সংরক্ষণ ও কলেজে জমা দিতে হবে। | ১৬/০৩/২০২২ থেকে ২৪/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত |
| ২ | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স নম্বরের অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত স্নাতক (পাস) ভর্তি রোল উল্লেখ করতে হবে। অতঃপর www.lalmatiamohilacollege.edu.bd এ ভর্তির লিংকে ক্লিক করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম (২য় রিলিজ স্লিপের মেধা তালিকা) ও ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানে নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ নম্বর (০১৮৪৬১৪৯৯৭৩) এর মাধ্যমে ভর্তির (১১,২৯৬/-) টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে | ২০/০৩/২০২২ থেকে ২৭/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত |

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ১০ নং কাউন্টারে নগদ ৪৫০/- টাকা জমা দিয়ে ভর্তির ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে ৬ নং কাউন্টারে উপস্থিত হয়েও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

- **ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**
  - (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
  - (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
  - (গ) সদ্য তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
  - (ঘ) স্নাতক (পাস) ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- **যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে পরবর্তীতে ০৬ নং কাউন্টারে উপরোক্ত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।**

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা।

১৫.৩.2022

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৫৩১ তারিখ: ১৪/০৩/২০২২

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা ১৬ মার্চ ২০২২ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS (nu<space>atdg<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions)** রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২২ মার্চ ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

### ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে। | ১৬/০৩/২০২২ থেকে ২৪/০৩/২০২২ |
| ২) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ২০/০৩/২০২২ থেকে ২৭/০৩/২০২২ |
| ৩) | কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ২০/০৩/২০২২ থেকে ২৮/০৩/২০২২ |
| ৪) | সংশ্লিষ্ট কলেজকে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Degp.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৯/০৩/২০২২ থেকে ০৩/০৪/২০২২ |
| ৫) | পত্রকোড এন্ট্রি<br>২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্সভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Paper Code Entry** অপশন থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সের জন্য প্রযোজ্য কোর্সভিত্তিক সিলেবাস অনুসরণ করে সঠিক পত্রকোড এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ৩০/০৩/২০২২ থেকে ১৮/০৪/২০২২ |

১৪.০৩.২০২২
(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮
ই-মেইল-*deanug@nubd.info*

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৫৩১ তারিখ: ১৪/০৩/২০২২

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

১৪.০৩.২০২২
(মোহাম্মদ হোসেন)
উপ-রেজিস্ট্রার, স্নাতক (পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪